

অবরোধেও চলছে ইবির ক্লাস-পরীক্ষা

ইবি প্রতিনিধি

১২ নভেম্বর ২০২৩, ১২:০২ পিএম



ইসলামী বিশ্ববিদ্যালয়

বিএনপি ও অন্যান্য সমমনা দলের ডাকা হরতাল-অবরোধ কর্মসূচিতে স্বাভাবিক নিয়মেই চলছে ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) সকল একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম। শিক্ষার্থীরা স্বতঃস্ফূর্তভাবে শিক্ষা কার্যক্রমে অংশ নিয়েছে।

জানা যায়, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে কৃটিন মাফিক ক্লাস, কুইজ, মিড টার্ম ও সেমিস্টার ফাইনাল পরীক্ষা চলছে। বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা ও স্বাভাবিক রয়েছে। শিক্ষার্থীদের নিরাপত্তার স্বার্থে অবরোধের দিনগুলোতে বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা জোরদার করা হয়।

অবরোধের দিনগুলোতে পুলিশ প্রটোকলে বিনাইদহ ও কুষ্টিয়া শহর থেকে বিশ্ববিদ্যালয়ের বাসগুলো ক্যাম্পাসে আসে। বিকেল ক্যাম্পাস থেকে উভয় শহরে ফিরে যায়। এ ছাড়া বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের নেতাকর্মীরা অবরোধের প্রতিবাদে নিয়মিত ক্যাম্পাসে শোভাউন ও বিক্ষোভ কর্মসূচি পালন করে আসছে।

তবে গত ৬ নভেম্বর অবরোধের সময় বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবন, রবীন্দ্র নজরগল কলাভবন ও মীর মশাররফ হোসেন ভবনের ফটকে 'এক দফা দাবিতে সর্বাত্মক অবরোধ। রাষ্ট্র সংস্কারের কাজ চলছে, সাময়িক অসুবিধার জন্য দুঃখিত!' লেখা সম্প্রতি ব্যানার ঝুলিয়েছিল শাখা ছাত্রদলের নেতাকর্মীরা। খবর পেয়ে ব্যানারগুলো সরিয়ে ফেলেন শাখা ছাত্রলীগের নেতা-কর্মীরা।

সার্বিক বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রষ্টর অধ্যাপক ড. শাহাদাত হোসেন আজাদ বলেন, 'বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা নিয়ে বিন্দুমাত্র শক্ত নেই। শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য আমরা সর্বোচ্চ সোচ্চার। অবরোধের দিনে পুলিশি পাহারায় বিশ্ববিদ্যালয়ের বাসসমূহ আসছে। শিক্ষার্থীরাও স্বতঃস্ফূর্তভাবে ক্লাস-পরীক্ষায় অংশ নিচ্ছে।'

এ বিষয়ে বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাধারণ সম্পাদক নাসিম আহমেদ জয় বলেন, 'বিএনপি যে সন্ত্রাসীর দল, মানুষ মারার দল সেটা দেশের জনগণের কাছে স্পষ্ট হয়ে গেছে। বিশ্ববিদ্যালয়ে এই হরতালের কোনো ধরনের প্রভাব পড়েনি। ক্লাস পরীক্ষা চালু রাখতে শাখা ছাত্রলীগ সবসময় পাশে থাকবে।'

উল্লেখ্য, গত ২৮ অক্টোবর বিএনপির মহাসমাবেশের পর যেসব দিনে হরতাল অবরোধ ছিল সেদিন ইসলামী বিশ্ববিদ্যালয়ে ক্লাস চললেও চলেনি পরীক্ষা। তবে ৫ নভেম্বর থেকে টানা ৪৮ ঘণ্টা সারাদেশে দ্বিতীয় দফায় অবরোধ কর্মসূচি, ৭ নভেম্বরে থেকে তৃতীয় দফার কর্মসূচি ও ১২ নভেম্বর থেকে টানা ৪৮ ঘণ্টা অবরোধের মধ্যেও স্বাভাবিক নিয়মে চলেছে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম।